# ২০১৮

## বাংলা – সাম্মানিক

**প্রথম সেমেস্টার**

**পেপার : CC-2**

**পূর্ণমান : ৬৫**

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) উচ্চারণস্থান অনুযায়ী বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির পরিচয় দাও। ১০

*অথবা*

(খ) বাংলা ভাষার শব্দভাণ্ডারে কী ধরনের শব্দ বহু ব্যবহৃত হয়েছে?— উদাহরণসহ আলোচনা করো। ১০

২। (ক) উপভাষা কাকে বলে? বাংলা ভাষার যে-কোনো একটি উপভাষার রূপতাত্ত্বিক আলোচনা করো। ২+৮

*অথবা*

(খ) শব্দার্থ পরিবর্তনের মূল ধারা কয়টি? নামোল্লেখ করে তাদের পরিচয় দাও। ১+৯

৩। (ক) লিঙ্গ কথাটির অর্থ কী? বাংলা ভাষায় ব্যবহৃত লিঙ্গগুলি সম্পর্কে আলোচনা করো। ১+৯

*অথবা*

(খ) কারকের সংজ্ঞা দাও। আধুনিক বাংলা ভাষায় কারক কয়টি ও কী কী?—উদাহরণসহ যে-কোনো দুটি কারকের আলোচনা করো। ২+২+৬

৪। (ক) সংজ্ঞা ও উদাহরণসহ ধ্বনি ও বর্ণের পারস্পরিক সম্পর্ক নির্ণয় করো। ৫

*অথবা*

(খ) মৌলিক স্বরধ্বনি কাকে বলে? মৌলিক স্বরধ্বনি কয়টি ও কী কী? ২+১+২

৫। (ক) উদাহরণযোগে 'স্বরসঙ্গতি' ও 'নাসিক্যীভবন'-এর পরিচয় দাও। ৫

*অথবা*

(খ) সংজ্ঞাসহ 'স্বরাগম'-এর পূর্ণাঙ্গ পরিচয় দাও। ৫

৬। (ক) উপযুক্ত উদাহরণসহ কর্মতৎপুরুষ ও অপাদান তৎপুরুষ সমাসের পরিচয় দাও। ৫

*অথবা*

(খ) উদাহরণসহ বাংলা ক্রিয়ার যৌগিক কালের পাঁচটি রূপের উল্লেখ করো। ৫

৭। *যে-কোনো একটি* প্রশ্নের উত্তর দাও।

(ক) স্বনিমের সংজ্ঞা দাও। মধুসূদন, রবীন্দ্রনাথ এবং বিবেকানন্দ—এই তিনটি শব্দের স্বনিম নির্ণয় করো। ২+৩

(খ) নিম্নলিখিত শব্দ-দুটির বিবর্তন কীভাবে হয়েছে দেখাও— আঠারো, দেশলাই। ২১/২+২১/২

(গ) উপযুক্ত উদাহরণসহ পদান্বয়ী ও ধ্বন্যাত্মক অব্যয়ের সংজ্ঞা নিরূপণ করো। ২১/২+২১/২

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) বাংলা উচ্চারণে রাম্ শব্দে কটি অক্ষর আছে?

(খ) বাংলা ভাষায় দ্বি-স্বর ধ্বনি কোন দুটি?

(গ) তাড়িত ব্যঞ্জনের উদাহরণ দাও।

(ঘ) একটি করে তদ্ভব ও অর্ধ-তৎসম শব্দের উদাহরণ দাও।

(ঙ) 'কুপন' (ইংরেজি coupon) শব্দটি কোন ভাষা থেকে এসেছে?

(চ) 'গামছা' শব্দটিতে কী জাতীয় ধ্বনি পরিবর্তন ঘটেছে?

(ছ) 'করিয়া' শব্দের 'অপিনিহিতি' ও 'অভিশ্রুতি'-র রূপ দেখাও।

(জ) জলপানি শব্দের মূল অর্থ এবং এখনকার অর্থ লেখো।

(ঝ) বাংলা উপভাষাগুলির নাম লেখো।

(ঞ) সমাস নির্ণয় করো— সিংহাসন।

(ট) মধুসূদন মেঘনাদবধ কাব্য **রচনা করিয়াছেন**।— কাল নির্ণয় করো।

(ঠ) **মোর** ভাবনারে কী হাওয়ায় মাতালো।— মোটা অক্ষরের পদটির পুরুষ নির্ণয় করো।

(ড) '**তিনটে** শালিক ঝগড়া করে রান্নাঘরের চালে।'— 'তিনটে' শব্দটির বচন নির্ণয় করো।

(ঢ) এত মোটা **কলমে** লেখা যায় না।— মোটা অক্ষরের পদটির কারক নির্ণয় করো।

(ণ) **আপনাকে** অশেষ ধন্যবাদ।— 'আপনাকে' পদটিতে কী বিভক্তি ব্যবহার করা হয়েছে?

---